

## 💵 সালাতের গুরুত্ব ও ফ্যীলত

বিভাগ/অধ্যায়ঃ ফজর সালাত

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## ফজর সালাত

অন্যান্য সালাত অপেক্ষা ফজর সালাতের বৈশিষ্ট্য ও গুরুত্ব বেশি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "এশা ও ফজর সালাতে কী ফযীলত রয়েছে মানুষ যদি তা জানত তবে উক্ত সালাতে হামাগুড়ি দিয়ে হলেও উপস্থিত হত।" (সহীহ বুখারী ও মুসলিম)

নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আরো বলেন, "যে ব্যক্তি এশার সালাত জামা'আতে আদায় করল, সে যেন রাত্রির অর্ধাংশ ইবাদতে লিপ্ত থাকল এবং যে ফজর সালাত জামা'আতে আদায় করল সে যেন পূর্ণ রাত্রি সালাত আদায় করল।" (সহীহ মুসলিম) এবং তিনি সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেন, "যে ব্যক্তি ফজরের সালাত আদায় করল সে আল্লাহর জিম্মার অন্তর্ভুক্ত হল।" (সহীহ মুসলিম)

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরো বলেন, "ফজরের (সুন্নাত) দু'রাকাত সালাত দুনিয়া ও তার মধ্যে যা কিছু রয়েছে তা অপেক্ষা উত্তম।" (সহীহ মুসলিম)

এই ফযীলত তো শুধু ফজরের দু'রাকাত সুন্নাতে তাহলে ফজরের ফরয সালাতের ফযীলত কী হতে পারে? নিশ্চয় সুন্নাতের চেয়ে ফরজের সাওয়াব অনেক বেশি ও উত্তম। এ সমস্ত হাদীস ফজর সালাতের বিরাট প্রতিদান ও গুরুত্বের দলীল।

অতএব, প্রিয় মুসলিম ভাই! ফজর সালাতে অলসতা করে এত অধিক নেকী-সাওয়াব নষ্ট করবেন না বরং ঐ সমস্ত মাধ্যম অবলম্বন করার চেষ্টা করুন যা আপনাকে আল্লাহর হুকুমে ফজর সালাতের জন্য জাগিয়ে দিবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10176

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন